

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

'বাংলায় অনুদিত'

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা ।

এপ্রিল ২৩, ২০১৫ খ্রীঃ

এফই সার্কুলার নং- ০৩

তারিখ : _____

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার ।

বৈশাখ ১০, ১৪২২ বঙ্গাব্দ

প্রিয় মহোদয়গণ,

e-Delivery’র মাধ্যমে সফটওয়্যার আমদানিমূল্য পরিশোধ প্রসঙ্গে ।

বিদ্যমান বৈদেশিক মুদ্রা ব্যবস্থায় বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন সাপেক্ষে e-Delivery’র মাধ্যমে সফটওয়্যার আমদানিমূল্য পরিশোধ করা যায় । বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রথমে Software টির বিপরীতে যথাযথ শুদ্ধায়নের জন্য গ্রাহককে পরামর্শ দেয়া হয় এবং পরবর্তীতে শুদ্ধায়ন সংক্রান্ত কাগজ পত্রাদিসহ আবেদন করা হলে বাংলাদেশ ব্যাংক মূল্য পরিশোধের অনুমোদন জ্ঞাপন করে । এ ব্যবস্থায় বাংলাদেশ ব্যাংকে দুইবার আবেদন করার ফলে আমদানী মূল্য পরিশোধে ও Software সংগ্রহে কিছুটা বিলম্ব হয় ।

০২) এ অবস্থার প্রেক্ষিতে, লেনদেনটির স্বচ্ছতা নিশ্চিতকরণ ও সহজীকরণের লক্ষ্যে নিম্নলিখিত নির্দেশাবলীর পরিপালন সাপেক্ষে বৈদেশিক মুদ্রায় নিয়োজিত(এডি) ব্যাংক e-Delivery’র মাধ্যমে সংগৃহীত Software এর মূল্য পরিশোধ করতে পারবে ।

ক) কাস্টমস এসেসমেন্ট : e-Delivery’র মাধ্যমে ক্রয়তব্য সফটওয়্যারটি যথাযথ এবং তা নির্ভরযোগ্য সরবরাহকারীর নিকট থেকে সংগ্রহ করা হচ্ছে মর্মে Bangladesh Association of Software and Information Services (BASIS) এর প্রত্যয়ন সনদ দ্বারা নিশ্চিত হয়ে অনুমোদিত ডিলার সংশ্লিষ্ট গ্রাহককে উক্ত Software-এর শুদ্ধায়নের ব্যবস্থা করার পরামর্শ প্রদান করবে ।


খ) মূল্য পরিশোধ : কাস্টমস এসেসমেন্টসহ শুদ্ধ ও করাদি পরিশোধের প্রামাণিক দলিলাদি পাওয়ার পর এডি ব্যাংক নিম্নরূপ শর্তে Software মূল্য পরিশোধ করতে পারবে :

- (i) সরবরাহকারী কর্তৃক প্রদত্ত সনদ/লাইসেন্স এর মাধ্যমে নিশ্চিত হতে হবে যে, Softwareটি ইতোমধ্যে গ্রাহক কর্তৃক গৃহীত হয়েছে ;
- (ii) বৈদেশিক মুদ্রা লেনদেন বিষয়ে AML/CFT সংশ্লিষ্ট নিয়মাচার যথাযথ অনুসরণ ও পরিপালন করতে হবে ;
- (iii) Software সনদ/লাইসেন্স এর কপি সংরক্ষণপূর্বক লেনদেনটি মাসিক রিটার্নের সংশ্লিষ্ট শিডিউলে IMP Form এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকে রিপোর্ট করতে হবে ।

০৩) ২ নং ক্রমিকে বর্ণিত নির্দেশাবলীর যথাযথ পরিপালন কোন কারণে সম্ভব না হলে e-Delivery’র মাধ্যমে Software মূল্য পরিশোধের ক্ষেত্রে যথারীতি বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন আবশ্যিক হবে ।

অনুগ্রহপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন ।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আব্দুল মান্নান)
উপ মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০৩১৯

